



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৩৫.১৮-৩৬৫

তারিখ: ০৪.১২.২০১৮খ্রি:।

বিষয়: বগুড়া জেলার শেরপুর উপজেলাধীন নিশিন্দারা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী পদে কর্মরত জনাব মোহাম্মদ মোহাম্মত হোসেনকে এমপিওভুক্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) বগুড়া জেলা জজ আদালতের মোকদ্দমা নং-৭২/২০০৫ এর রায়

তারিখ: ১৫.০৮.২০০৬খ্রি:।

(২) মোকদ্দমা নং-৭২/২০০৫ প্রত্যাহার আদেশ

তারিখ: ০৪.০৩.২০০৮খ্রি:।

(৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১জি-৮১৪ বি:-০৬/৮৭৬৫/২ বিশেষ

তারিখ: ১৯.০৭.২০০৭খ্রি:।

(৪) জেলা শিক্ষা অফিসার বগুড়া এর স্মারক নং-৩৭.০২.১০০০.০০০.১৮.০০০.১৮

তারিখ: ১৮.০৭.২০১৮খ্রি:।

(৫) বর্ণিত মাদ্রাসার অক্টোবর/২০১৮ মাসের এমপিও শীট ও বিলের কপি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শেরপুর উপজেলাধীন নিশিন্দারা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী পদে জনাব মোহাম্মদ মোহাম্মত হোসেন ম্যানেজিং কমিটি কর্তৃক অনুমোদনক্রমে ২৪.০২.২০০৫ খ্রি: তারিখে যোগদান করেন মর্মে সূত্রে বর্ণিত ০৪ নং স্মারকের মাধ্যমে জানা যায়।

০২. সূত্রে বর্ণিত ০৪ নং স্মারকের সাথে সংযুক্ত নিয়োগ সংক্রান্ত কাগজ পত্র যাচাইয়ে দেখা যায় যে, জনাব মোহাম্মদ মোহাম্মত হোসেন নিয়োগ পরীক্ষায় অংশগ্রহনকারী ১০ জন প্রার্থীর মধ্যে ১ম স্থান অধিকার করায় নিয়োগ বোর্ড কর্তৃক তাঁকে নিয়োগের জন্য সুপারিশ করা হয়।

০৩. সূত্রে বর্ণিত ০৪ নং স্মারকের সাথে সংযুক্ত কাগজ পত্র পর্যালোচনায় আরো দেখা যায় যে, নিয়োগকৃত সহকারী মৌলভী জনাব মোহাম্মদ মোহাম্মত হোসেনকে এমপিওভুক্ত না করার জন্য ম্যানেজিং কমিটির জনৈক সদস্য জনাব মো: রহমত আলী আকন্দ কর্তৃক সিনিয়র সহকারী জজ আদালত, শেরপুর, বগুড়াতে একটি মোকদ্দমা দায়ের করা হয়, যার নং-৭২/২০০৫। উক্ত মোকদ্দমায় ১২.১০.২০০৫ খ্রি: তারিখে নিম্নরূপ আদেশ দেয়া হয়:

“অত্র মোকদ্দমাটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এমপিওভুক্তির উপর নিষেধাজ্ঞা প্রদান করা হলো।”

০৪. সূত্রে বর্ণিত ০৪ নং স্মারকের মর্মমতে সিনিয়র সহকারী জজ আদালত, শেরপুর, বগুড়া কর্তৃক বর্ণিত মোকদ্দমায় (৭২/২০০৫) ১৫.০৮.২০০৬ খ্রি: তারিখে নিম্নরূপ আদেশ দেয়া হয়:

“বিবাদিগণের প্রতি প্রচারিত বিগত ১২.১০.২০০৫ খ্রি: তারিখের অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ এতদ্বারা রদ ও রহিত করা হলো।”

০৫. সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মর্মমতে মোকদ্দমার বাদী জনাব মো: রহমত আলী আকন্দ কর্তৃক বর্ণিত মোকদ্দমাটি (৭২/২০০৫) প্রত্যাহারের আবেদন করা হলে বিজ্ঞ সহকারী জজ আদালত কর্তৃক ০৪.০৩.২০০৮ খ্রি: তারিখে নিম্নরূপ রায় দেয়া হয়:

“মোকদ্দমাটি প্রত্যাহারের অনুমতি প্রদান করা হলো।”

০৬. সূত্রে বর্ণিত ০৩ নং স্মারক পর্যালোচনায় দেখা যায় যে, সহকারী জজ আদালত কর্তৃক ১৫.০৮.২০০৬ খ্রি: তারিখে বর্ণিত সহকারী মৌলভীর এমপিওভুক্তির উপর পূর্বে আরোপিত অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহার করা হলে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার কর্তৃক বিষয়টি অবহিতক্রমে পুনরায় এমপিওভুক্তির জন্য অনুরোধ করা হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক এমপিওভুক্ত না করে সূত্রে বর্ণিত ০৩ নং স্মারকের মাধ্যমে বর্ণিত মোকদ্দমা নং-৭২/২০০৫ মামলায় ০৪.০৩.২০১৮ খ্রি: তারিখে প্রদত্ত রায়ের বিরুদ্ধে আপীল হয়েছে কিনা তা জানতে চাওয়া হয়।

০৭. সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মর্মমতে মোকদ্দমার বাদী জনাব মো: রহমত আলী আকন্দ কর্তৃক বর্ণিত মামলাটি প্রত্যাহারের আবেদন করা হলে বিজ্ঞ সহকারী জজ আদালত কর্তৃক তা প্রত্যাহার করে দেয়া হয়।

০৮. সূত্রে বর্ণিত ০৪ নং স্মারকের সাথে সংযুক্ত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, ২০০৮ সালে মোকদ্দমাটি (৭২/২০০৫) বাদী কর্তৃক প্রত্যাহার করে নেয়া হলে ও মাদ্রাসার পূর্ববর্তী কমিটির নেতিবাচক মনোভাবের কারণে তীর এমপিওভুক্তির কোন পদক্ষেপ নেয়া হয় নি মর্মে জানা যায়। বর্ণিত মাদ্রাসার পূর্ববর্তী ম্যানেজিং কমিটি তাঁকে পদত্যাগ বা অপসারণ করতে অনেক চেষ্টা করলেও শেষ পর্যন্ত তা সম্ভব হয়নি মর্মে জানা যায়। ফলে মামলা প্রত্যাহার হওয়ার পর দীর্ঘদিন অতিবাহিত হলেও বর্ণিত সহকারী মৌলভী এখনো এমপিওভুক্ত হয়নি মর্মে জানা যায়।

০৯. সূত্রে বর্ণিত ০৪ নং স্মারক এবং বর্তমান ম্যানেজিং কমিটির কার্যবিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, ২৪.০৩.২০১৩ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামো অনুযায়ী মাদ্রাসাটিতে ০১ জন সহকারী মৌলভীর প্রাপ্যতা রয়েছে।

১০. এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে বগুড়া জেলার শেরপুর উপজেলাধীন নিশিন্দারা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী পদে কর্মরত জনাব মোহাম্মদ মোহাম্মত হোসেনকে এমপিওভুক্ত করতে কোন প্রতিবন্ধকতা নেই মর্মে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নিকট প্রতীয়মান হয়। আইন ও বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা শিক্ষা অফিসার
বগুড়া

N^O 04.12.18
নাজনীন সুলতানা
সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
০২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শেরপুর, বগুড়া।
০৪. সভাপতি, নিশিন্দারা দাখিল মাদ্রাসা, ডাক: চান্দাইকোনা, উপজেলা: শেরপুর, জেলা: বগুড়া।
০৫. সুপার, নিশিন্দারা দাখিল মাদ্রাসা, ডাক: চান্দাইকোনা, উপজেলা: শেরপুর, জেলা: বগুড়া।
০৬. অফিস কপি।